

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*

স-২৫২২(আগরতলা-৩১।।১০)

কমলপুর, ৩১ অক্টোবর, ২০১৭

জামখুম ভিলেজে প্রশাসনিক শিবির অনুষ্ঠিত

কমলপুর মহকুমা প্রশাসনের উদ্যোগে সালেমা ব্লকের জামখুম এ ডি সি ভিলেজের জামখুম ইংলিশ মিডিয়াম স্কুলের হলে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির গত ২৭ অক্টোবর অনুষ্ঠিত হয়। শিবিরে উপস্থিত ছিলেন বিধায়ক অঞ্জন দাস, এম ডি সি বদরভূম হালাম, সংশ্লিষ্ট ভিলেজের চেয়ারম্যান অজান্তে হালাম সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। জন প্রতিনিধি ও আধিকারিকদের উপস্থিতিতে এলাকার স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। শিবিরে তাৎক্ষণিক আবেদনের ভিত্তিতে ২৮৯টি এস.টি, ১৬৩টি পি.আর.টি.সি., ৩০টি ইনকাম ও ১২৩টি ম্যারেজ সার্টিফিকেট বিতরণ করা হয়। এছাড়া স্বাস্থ্য দপ্তর থেকে ৪৭ জনের স্বাস্থ্য পরীক্ষা করে ঔষধ দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ৩৬৭টি গৃহ পালিত পশু ও পাখীর প্রয়োজনীয় ঔষধ প্রাণীপালকদের দেওয়া হয়।

\*\*\*\*